

**ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ**  
**ও.আর. নিজাম রোড শাখা, চট্টগ্রাম।**

বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি (অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক)

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, ও.আর. নিজাম রোড শাখা, চট্টগ্রাম এর ঋণগ্রহীতা মেসার্স জে. আর. এন্টারপ্রাইজ, ঠিকানাঃ ১৮৮/এ, খাজা টুলস্ মার্কেট, জুবলী রোড, থানা- কোতয়ালী, জেলা- চট্টগ্রাম, মালিক- জাহেদুল ইসলাম, পিতা- মৃত আলহাজ্ব আব্দুল হাকিম, ঠিকানা- ‘আপন নিবাস’, এ্যাপার্টমেন্ট নং- এ-১০, ১৩৬৮, সিডিএ এভিনিউ, পূর্ব নাছিরাবাদ, চট্টগ্রাম কর্তৃক গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভুক্ত ভূমি রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখিয়াছেন এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে নিম্ন তফসিলভুক্ত ভূমি আদালতের আদেশ ছাড়াই বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করিয়াছেন। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ০৯/১২/২০১৪ ইং তারিখ পর্যন্ত খেলাপী ঋণ বাবদ ব্যাংকের পাওনা মোট ১,০৪,৭৯,৫৩৫.৯৭ টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে নিম্ন তফসিলভুক্ত ভূমি নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানা সহ পূর্ণাঙ্গ ঠিকানা উলেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

**বন্ধকী সম্পত্তির তফসিল**

জেলা- চট্টগ্রাম, থানা- সাবেক ডবলমুরিং বর্তমানে খুলশী, অন্তর্গত মোজা- দক্ষিণ পাহাড়তলী, আর.এস. ৩৮৮ নং খতিয়ানের আর.এস. ১০৮০ ও ১৮০২ নং দাগাদির সামিল পি.এস.  $\frac{২৬৪}{৭৬০}$  নং খতিয়ানের পি.এস. ৫১১১ ও ৫১১২ নং দাগাদির সামিল বি.এস. ১২২ নং খতিয়ানের, নামজারী ও জমাভাগ বি.এস. ১২২/৫ নং খতিয়ানের বি. এ.স. ২৬৩৯ নং দাগের ৯ শতাংশ ভূমি যাহার চৌহদ্দীঃ উত্তরে- বোরহান উদ্দিন, দক্ষিণে- কবীর আহমেদ গং, পূর্বে- মাহাবুব মান্নান গং এবং পশ্চিমে- আর.এস. ১০৮০ নং দাগের অংশ।

**নিলামের শর্তাবলী**

- (১) আগামী ২০/০১/২০১৫ ইং বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, ও.আর. নিজাম রোড শাখা, চট্টগ্রাম এ রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ টার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- (২) প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর এর ১০% এর সমপরিমাণ টাকা জামানত স্বরূপ, ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার এর মাধ্যমে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, ও.আর. নিজাম রোড শাখা, চট্টগ্রাম এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- (৩) উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে প্রথম সর্বোচ্চ দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।
- (৪) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।
- (৫) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিস্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি দরদাতাকেই বহন করিতে হইবে।
- (৬) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণকে বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- (৭) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

ব্যবস্থাপক

**ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ,**  
ও.আর. নিজাম রোড শাখা, চট্টগ্রাম।